গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা : ১০৩/২০১৭

ঢাকা, বৃহস্পতিবার ২৫ মে ২০১৭, ১১ জ্যৈষ্ঠ ১৪২৪

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। সব ধর্মের মানুষ শান্তিপূর্ণভাবে বসবাস করছে : প্রধানমন্ত্রী

২। রাষ্ট্রপতির কাছে আইন কমিশন ও দুর্নীতি দমন কমিশনের বার্ষিক রিপোর্ট পেশ

৩। সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে ১০ প্রস্তাব অনুমোদন

৪। নতুন আইনে ভ্যাটের একাধিক হার হবে না : অর্থমন্ত্রী

৫। রফতানি বাজার সম্প্রসারণ করতে হবে : বাণিজ্যমন্ত্রী

৬। সামাজিক ও অর্থনৈতিক ক্ষেত্রে পাকিস্তানের চেয়ে এগিয়ে বাংলাদেশ : বাণিজ্যমন্ত্রী

৭। ক্ষুদ্র ও মাঝারি শিল্পের প্রসার জরুরি : শিল্পমন্ত্রী

৮। এসডিজি অর্জনে সহায়তা করুন : স্বাস্থ্যমন্ত্রী

৯। বাংলাদেশকে জঙ্গিরাষ্ট্র বানানোর চেষ্টায় লিপ্ত ষড়যন্ত্রকারীদের প্রতিহত করা হবে : স্বরাষ্ট্রমন্ত্রী

১০। আসন্ন পবিত্র ঈদে রাস্তায় থাকবে বিআরটিসির ৯০০টি বাস : সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী

১১। জাতীয় সংসদের জন্য ৩১৫ কোটি টাকার প্রক্কলিত বাজেট অনুমোদন

১২। মৌলিক কাঠামোর প্রশ্নে সংবিধানের এ টু জেড ব্যাখ্যা করব : প্রধান বিচারপতি

১৩. নিউজিল্যান্ডকে ৫ উইকেটে হারিয়ে আইসিসি র‌্যাংকিংয়ের ছয় নম্বরে বাংলাদেশ ক্রিকেট দলকে প্রধানমন্ত্রীর অভিনন্দন

১৪. প্রধানমন্ত্রী শেখ হাসিনার জনগুরুত্বপূর্ণ ১০ উদ্যোগ জনগণের কাছে ছড়িয়ে দিন : প্রধান তথ্য কর্মকর্তা

১৫। জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ১১৮তম জন্মবার্ষিকী আজ

=২=

১। **সব ধর্মের মানুষ শান্তিপূর্ণভাবে বসবাস করছে : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বাংলাদেশে সব ধর্মের মানুষ শান্তিপূর্ণভাবে বসবাস এবং উৎসব পালন করছে। গতকাল ২৪ মে বুধবার গণভবনে শ্রীলঙ্কার সাবেক প্রেসিডেন্ট চন্দ্রিকা বন্দরনায়েকে কুমারাতুঙ্গার সাথে সৌজন্য সাক্ষাৎকালে প্রধানমন্ত্রী আরো বলেন, তার সরকার তৃতীয় পক্ষের হস্তক্ষেপ ছাড়াই পার্বত্য চট্টগ্রামের জাতিগত সমস্যার সমাধান করেছে। বৈঠক শেষে প্রধানমন্ত্রীর প্রেস সচিব ইহসানুল করিম সাংবাদিকদের ব্রিফিং করেন। বৈঠকে তারা পারস্পরিক স্বার্থ সংশ্লিষ্ট ও তাদের রাজনৈতিক দলের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **সমকাল** (পৃ.২,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.৬), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.১), **ইত্তেফাক, প্রথম আলো, জনকণ্ঠ, যুগান্তর, ইন্ডিপেনডেন্ট, নিউজ টুডে, নিউ নেশন, অবজারভার**সহ অধিকাংশ পত্রিকা এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

২। **রাষ্ট্রপতির কাছে আইন কমিশন ও দুর্নীতি দমন কমিশনের বার্ষিক রিপোর্ট পেশ**

গতকাল ২৪ মে বুধবার বঙ্গভবনে রাষ্ট্রপতি মো.আবদুল হামিদের কাছে আইন কমিশন ও দুর্নীতি দমন কমিশনের বার্ষিক রিপোর্ট-২০১৬ পেশ করা হয়। রাষ্ট্রপতির প্রেস সচিব মো. জয়নাল আবেদিন জানান, আইন কমিশনের চেয়ারম্যান বিচারপতি এ বি এম খায়রুল হকের নেতৃত্বে চার সদস্যের একটি প্রতিনিধিদল ও দুর্নীতি দমন কমিশনের চেয়ারম্যান ইকবাল মাহমুদের নেতৃত্বে কমিশনার ড. নাসিরউদ্দীন আহমেদ, রাষ্ট্রপতির কাছে এ প্রতিবেদন পেশ করেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.৩,ক.১), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৬), **প্রথম আলো** (পৃ.৩,ক.২), **নিউজ টুডে** (পৃ.৩,ক.১), **ডেইলি স্টার** (পৃ.৩,ক.১), **নিউ নেশন** (পৃ.৩,ক.৪)।

৩। **সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে ১০ প্রস্তাব অনুমোদন**

নারায়ণগঞ্জের মেঘনাঘাটে ৭৫০ মেগাওয়াট গ্যাসচালিত বিদ্যুকেন্দ্র স্থাপনের প্রস্তাবসহ এক হাজার ৩৭৬ কোটি টাকা ব্যয়ে ১০টি ক্রয় প্রস্তাব অনুমোদন দিয়েছে সরকারি ক্রয় সংক্রান্ত মন্তিসভা কমিটি। গতকাল ২৪ মে বুধবার সচিবালয়ে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিতের সভাপতিত্বে সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠকে এসব প্রস্তাব অনুমোদন দেওয়া হয়। বৈঠক শেষে মন্ত্রিপরিষদের অতিরিক্ত সচিব মো. মাকসুদুর রহমান পাটোয়ারি জানান, মেঘনা ঘাটে ৭৫০ মেগাওয়াট বিদ্যুৎকেন্দ্র স্থাপন করবে ভারতের খ্যাতনামা রিলায়েন্স গ্রুপ। এ কেন্দ্রটির ইউনিট প্রতি বিদ্যুতের দাম ধরা হয়েছে ৫ দশমিক ৮৫ টাকা। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৭), **সমকাল** (পৃ.২,ক.৮), **নিউ এজ** (পৃ.১,ক.২), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ.,ক.৪)।

৪। **নতুন আইনে ভ্যাটের একাধিক হার হবে না : অর্থমন্ত্রী**

অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত বলেছেন, নতুন আইনে ভ্যাটের একাধিক হার করা সম্ভব নয়। কারণ তা করতে গেলে নতুন করে সফটওয়ার তৈরি করতে হবে, যা সময়সাপেক্ষ ব্যাপার। তবে ভ্যাটের হার কমালে রাজস্ব আদায়ে যে ক্ষতি হবে তা পুষিয়ে নিতে বিকল্প ব্যবস্থা নেওয়া হবে। গতকাল ২৪ মে বুধবার সচিবালয়ে তার দপ্তরে জাপান আন্তর্জাতিক সহযোগিতা সংস্থার (জাইকা) প্রেসিডেন্ট শিনিচি কিতোওকারের নেতৃত্বে একটি প্রতিনিধি দলের সঙ্গে বৈঠক শেষে তিনি একথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.১), **ইত্তেফাক** (পৃ.১৫,ক.৩), **ডেইলি স্টার** বিজনেস পাতা (পৃ.১,ক.৫), **নিউ এজ** বিজনেস পাতা (শেষ পৃ.,ক.১)।

৫। **রফতানি বাজার সম্প্রসারণ করতে হবে : বাণিজ্যমন্ত্রী**

বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ বলেছেন, বিশ্বের অনেক দেশ এখন বাংলাদেশকে ডিউটি ও কোটা ফ্রি

বাণিজ্য সুবিধা দিচ্ছে। যে সব দেশ বাংলাদেশকে ডিউটি ও কোটা ফ্রি সুবিধা প্রদান করছে, সেখানে রফতানি বাজার সম্প্রসারিত করতে হবে। বিশ্বের যেখানে বাংলাদেশের পণ্যের সুবিধা চাহিদা রয়েছে, সেখানেই যেতে হবে। রফতানিকারকদের এ জন্য বেশি তৎপর হওয়া প্রয়োজন। বাণিজ্যমন্ত্রী গতকাল ২৪ মে বুধবার পলিসি রিসার্স ইনস্টিটিউট অফ বাংলাদেশ (পিআরআই) আয়োজিত 'ট্রেড অ্যান্ড এক্সচেঞ্জ রেট পলিসাইজ ফর এক্সপোর্ট ডাইভারসিফিকেশন' শীর্ষক গোলটেবিল আলোচনা সভায় প্রধান অতিথির বক্তৃতায় এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৮,ক.৬), **সমকাল** (পৃ.১২,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.৮), **নিউ নেশন** বিজনেস পাতা (পৃ.১,ক.২)।

৬। সামাজিক ও অর্থনৈতিক ক্ষেত্রে পাকিস্তানের চেয়ে এগিয়ে বাংলাদেশ : বাণিজ্যমন্ত্রী

বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ বলেছেন, সামাজিক ও অর্থনৈতিক ক্ষেত্রে বাংলাদেশ এখন পাকিস্তানের চেয়েও এগিয়ে। এমনকি কোনো কোনো ক্ষেত্রে ভারতের চেয়েও এগিয়ে। আমরা ইতোমধ্যে নিম্ন মধ্যম আয়ের দেশে পরিণত হয়েছি। ২০২১ সালে মধ্যম আয়ের দেশ, ২০৩০ সালে উচ্চ মধ্যম আয়ের দেশ এবং ২০৪১ সালে উচ্চ আয়ের দেশে পরিণত হবে। গতকাল ২৪ মে বুধবার বসুন্ধরা আবাসিক এলাকায় অবস্থিত নর্থ সাউথ ইউনিভার্সিটির ২৫তম প্রতিষ্ঠাবার্ষিকীর সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.১), **যুগান্তর** (পৃ.২,ক.৫), **নিউ এজ** (পৃ.৩,ক.৩)।

৭। ক্ষুদ্র ও মাঝারি শিল্পের প্রসার জরুরি : শিল্পমন্ত্রী

বর্তমান প্রেক্ষাপটে বাংলাদেশে হাইটেক শিল্পের চেয়ে শ্রমঘন ক্ষুদ্র ও মাঝারি শিল্পের প্রসার জরুরি বলে মন্তব্য করেছেন শিল্পমন্ত্রী আমির হোসেন আমু। তিনি বলেন, ম্যানুফ্যাকচারিং হালকা প্রকৌশল শিল্প প্রসারের মাধ্যমে দেশে ব্যাপকহারে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা সম্ভব। এ লক্ষ্যে প্রধানমন্ত্রীর নির্দেশনায় বিভিন্ন এলাকায় ছড়িয়ে ছিটিয়ে থাকা হালকা প্রকৌশল শিল্পের জন্য ঢাকার কেরানীগঞ্জে একটি পরিকল্পিত শিল্পনগরী গড়ে তোলা হচ্ছে। ক্ষতিকর কেমিক্যাল, প্লাস্টিক ও মুদ্রণ শিল্পের জন্যও পৃথক শিল্পনগরী গড়ে তোলার কাজ চলছে বলে তিনি জানান। শিল্পমন্ত্রী গতকাল ২৪ মে বুধবার বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্রের (বিটাক) টুল ইনস্টিটিউট ভবনের নির্মাণ কাজ উদ্বোধন অনুষ্ঠানে এ মন্তব্য করেন। সূত্র-**সংবাদ** (পৃ. ১৪,ক.৪), **ইত্তেফাক** (পৃ.১৮,ক.৫), **নিউ নেশন বিজনেস পাতা** (পৃ.১,ক.৫), **ডেইলি সান বিজনেস পাতা** (পৃ.১,ক.৬)।

৮। এসডিজি অর্জনে সহায়তা করুন : স্বাস্থ্যমন্ত্রী

স্বাস্থ্য খাতে ২০৩০ সালের মধ্যে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) অর্জনে বাংলাদেশসহ দক্ষিণ-পূর্ব এশিয়ার দেশগুলোতে সহায়তা বাড়াতে বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডব্লিউএইচও) ও উন্নয়ন সহযোগী সংস্থাগুলোর প্রতি আহ্বান জানিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম। গতকাল ২৪ মে বুধবার সুইজারল্যান্ডের জেনেভায় ৭০তম সম্মেলনের প্ল্যানারি অধিবেশনে বক্তৃতাকালে তিনি এ আহবান জানান। স্বাস্থ্য মন্ত্রণালয়ের জ্যেষ্ঠ তথ্য কর্মকর্তা পরীক্ষিত চৌধুরীর পাঠানো বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.১), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৮), **নিউজ টুডে** (পৃ.২,ক.২)।

৯। বাংলাদেশকে জঙ্গিরাষ্ট্র বানানোর চেষ্টায় লিপ্ত ষড়যন্ত্রকারীদের প্রতিহত করা হবে : স্বরাষ্ট্রমন্ত্রী

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল বলেছেন, দেশে কোনো আল কায়দা, আইএস নেই। ষড়যন্ত্রকারীরা বিভিন্ন জঙ্গিগোষ্ঠীর উত্থানের কথা বলে বাংলাদেশকে জঙ্গিরাষ্ট্র বানানোর চেষ্টায় লিপ্ত রয়েছে। আমরা সারা দেশের মুসলমান, হিন্দু, বৌদ্ধ, খ্রিস্টান একত্র হয়ে ঘুরে দাঁড়িয়েছি। দেশের আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর প্রচেষ্টায় তাদের প্রতিহত করেছি। গতকাল ২৪ মে বুধবার ঢাকার নবাবগঞ্জ উপজেলার নবাবগঞ্জ পাইলট স্কুল অ্যান্ড কলেজ মাঠে জঙ্গিবাদ সন্ত্রাস ও মাদকবিরোধী সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে মন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.১), **যুগান্তর** (শেষ পৃ.,ক.৬)।

১০। আসন্ন পবিত্র ঈদে রাস্তায় থাকবে বিআরটিসির ৯০০টি বাস : সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী

আসন্ন রোজার ঈদে ঘরমুখো যাত্রীদের সেবায় বিআরটিসির ৯০০টি বাস রাস্তায় থাকবে বলে জানিয়েছেন সড়ক পরিবহণমন্ত্রী ওবায়দুল কাদের। গতকাল ২৪ মে বুধবার ঢাকার কমলাপুরে বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশনে (বিআরটি) এক অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। মন্ত্রী জানান, ৯০০ 'স্পেশাল' বাসের মধ্যে ৪৬৬টি জেলা ও উপজেলা পর্যায়ে চলবে। ৫০টি বাস ঢাকার বিআরটিসি ডিপোতে 'স্ট্যান্ডবাই' রাখা হবে। আরো ৩০০ টি বাস মেরামত করে দূরপাল্লায় যাতায়াতের জন্য প্রস্তুত করা হচ্ছে। এই বাসগুলো ২২ জুন থেকে ঈদুল ফিতরের পরবর্তী তিন দিন পর্যন্ত চলবে এবং ঈদের সাত দিন আগে থেকে বিআরটিসির 'স্পেশাল' বাসের টিকেট পাওয়া যাবে বলে জানান তিনি। সূত্র-**ভোরের কাগজ** (পৃ,১.ক.২), **ইনকিলাব** (পৃ.১,ক.২), **নিউজ টুডে** (পৃ.১,ক.৫), **নিউ নেশন** (শেষ পৃ.,ক.৬)।

১১। জাতীয় সংসদের জন্য ৩১৫ কোটি টাকার প্রক্কলিত বাজেট অনুমোদন

বাংলাদেশ জাতীয় সংসদের জন্য ২০১৭-২০১৮ অর্থ বছরে উন্নয়ন ও অনুন্নয়ন খাতে মোট ৩১৪

কোটি ৯১ লাখ টাকার প্রাক্কলিত বাজেট অনুমোদন করা হয়েছে। গতকাল ২৪ মে বুধবার সংসদ সচিবালয় কমিশনের ২৮তম সভায় এ অনুমোদন দেওয়া হয়। সংসদ ভবনে অনুষ্ঠিত এ সভায় স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী সভাপতিত্ব করেন। কমিটির সদস্য প্রধানমন্ত্রী শেখ হাসিনা, অর্থমন্ত্রী আবুল মাল আব্দুল মুহিত, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী আনিসুল হক ও বিরোধীদলীয় সংসদ সদস্য নূরুল ইসলাম মিলন সভায় অংশগ্রহণ করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৫,ক.২), **সংবাদ** (শেষ পৃ.,ক.৩), **ডেইলি স্টার** (পৃ.৩,ক.৪)।

১২। মৌলিক কাঠামোর প্রশ্নে সংবিধানের এ টু জেড ব্যাখ্যা করব : প্রধান বিচারপতি

প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহা বলেছেন, মৌলিক কাঠামোর প্রশ্নে আমরা সংবিধানের এ টু জেড ব্যাখ্যা করব। জনগণের অধিকারের প্রশ্নে, বিচার বিভাগের স্বাধীনতার প্রশ্নে এ কাজ করব। সংবিধানের ষোড়শ সংশোধনী বাতিলের বিরুদ্ধে আপিল শুনানিতে গতকাল ২৪ মে বুধবার অ্যার্টনি জেনারেলের উদ্দেশ্যে একপর্যায়ে প্রধান বিচারপতি একথা বলেন। তিনি আরও বলেন, বিচার বিভাগের প্রতি মানুষের আস্থা এখন ৯০ ভাগের বেশি। দেশের যে কোনো প্রতিষ্ঠানের চেয়ে বিচার বিভাগ শতগুণ ভালো। সূত্র-**যুগান্তর** (পৃ.১,ক.১), **ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.১), **ডেইলি স্টার** (শেষ পৃ.,ক.৪)।

১৩. নিউজিল্যান্ডকে ৫ উইকেট হারিয়ে আইসিসি র‌্যাংকিংয়ের ছয় নম্বরে বাংলাদেশ ক্রিকেট দলকে প্রধানমন্ত্রীর অভিনন্দন

আয়ারল্যান্ডে অনুষ্ঠিত ত্রিদেশীয় সিরিজের শেষ ম্যাচে নিউজিল্যান্ডকে ৫ উইকেট হারিয়ে আইসিসি র‌্যাংকিংয়ের ছয় নম্বরে উঠে আসায় বাংলাদেশ ক্রিকেট দলকে অভিনন্দন জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। অভিনন্দনবার্তায় তিনি বলেন, পুরো জাতি আমাদের ক্রিকেটারদের টিম স্পিরিট এবং দুর্দান্ত পারফরম্যান্সে গর্বিত। তিনি আশা প্রকাশ করেন, ভবিষ্যতেও বাংলাদেশ জাতীয় ক্রিকেট দল সাফল্যের এই ধারা অব্যাহত রাখবে। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.৩), **নিউ এজ** (পৃ.২,ক.২), **ইত্তেফাক, সমকাল, যুগান্তর, ইন্ডিপেনডেন্ট, অবজারভার, নিউএজ** সহ এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

১৪. প্রধানমন্ত্রী শেখ হাসিনার জনগুরুত্বপূর্ণ ১০ উদ্যোগ জনগণের কাছে ছড়িয়ে দিন : প্রধান তথ্য কর্মকর্তা

প্রধানমন্ত্রী শেখ হাসিনার দশটি বিশেষ উদ্যোগ ছড়িয়ে দেওয়ার আহবান জানানো হয়েছে। গতকাল ২৪ মে বুধবার চট্টগ্রাম সার্কিট হাউসে 'শেখ হাসিনার দশটি বিশেষ উদ্যোগ' বিষয়ে অনুষ্ঠিত মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে প্রধান তথ্য কর্মকর্তা কামরুন নাহার বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার যে দশটি বিশেষ উদ্যোগ তার ব্র্যান্ডিং আমি করতে চাই। আমি সত্যিকার অর্থে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ব্যান্ডিং প্রতিষ্ঠা করতে চাই। তিনি সাংবাদিকদের উদ্দেশ্যে বলেন, আপনারা এ বিশেষ দশটি উদ্যোগের বিষয়ে লিখবেন, জনগণের কাছে পৌঁছে দেবেন।

সূত্র-**ইনকিলাব** (পৃ.১১,ক.৬), **আলোকিত বাংলাদেশ** (পৃ.৩,ক.১), **অবজারভার** (পৃ.১১,ক.৪), **ডেইলি সান** (পৃ.২,ক.২)।

১৫। জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ১১৮তম জন্মবার্ষিকী আজ

আজ **১১** জ্যৈষ্ঠ **১৪২৪**। জাতীয় কবি কাজী নজরুল ইসলামের **১১৮**তম জন্মবার্ষিকী। কবির প্রতি শ্রদ্ধা জানিয়ে সারা দেশে দিনটি উদ্‌যাপিত হবে নানা আয়োজনে। রাজধানীতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদের পাশে চিরনিদ্রায় শায়িত কবির সমাধি ছেয়ে যাবে বিনম্র শ্রদ্ধা ও গভীর ভালোবাসার ফুলে ফুলে। জাতীয় কবির জন্মবাষিকী উপলক্ষে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক পৃথক বাণী দিয়েছেন। সূত্র-**প্রথম আলো** (শেষ পৃ.,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৭), **নিউজ টুডে** (পৃ.১,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.৮)।

সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** দেশের শিক্ষিত বেকারদের কর্মসংস্থানের ব্যবস্থা করতে ব্যাপক শিল্পোন্নয়নের ওপর গুরুত্বারোপ।

খ. **সংবাদ, যুগান্তর :** রোডম্যাপ (কর্মপরিকল্পনা) ঘোষণার মধ্য দিয়ে আনুষ্ঠানিকভাবে একাদশ জাতীয় সংসদ নির্বাচনের প্রক্রিয়া শুরু করেছে নির্বাচন কমিশন উল্লেখ করে আগামী সংসদ নির্বাচনকে অবাধ, সুষ্ঠু ও সবার কাছে গ্রহণযোগ্য করতে নির্বাচন কমিশনকে যেমন ইতিবাচক ভূমিকা রাখতে হবে তেমনি রাজনৈতিক দলগুলোকে কমিশনের কার্যক্রম ইতিবাচক দৃষ্টিতে দেখতে হবে বলে মত প্রকাশ।

গ. **জনকণ্ঠ :** যখন তখন আকস্মিক ধর্মঘটের কারণে কৃষিপণ্য উৎপাদন ও সরবরাহ ব্যবস্থা জিম্মি হয়ে পড়ে উল্লেখ করে অত্যাধুনিক খাদ্যগুদাম নির্মাণের সঙ্গে সঙ্গে মানসম্মত খাদ্য সংরক্ষণ ও ব্যবস্থাপনা এ অবস্থা নিরসনে সহায়ক হতে পারে বলে মত প্রকাশ।

ঘ. **যায়যায়দিন, নিউ নেশন :** চলতি তাপদাহে জনজীবন বিশেষ করে শিশুদের অবস্থা বিপর্যস্ত হয়ে পড়েছে উল্লেখ করে এ পরিস্থিতি মোকাবিলায় সচেতনতা বৃদ্ধির আহ্বান।

ঙ. **ইন্ডিপেনডেন্ট :** আসন্ন রমজান মাস ও ঈদ উপলক্ষে শহরের লোকজন যেন নির্বিঘ্নে কেনাকাটা ও চলাচল করতে পারে সেজন্য ডিএমপি'র কঠোর নিরাপত্তামূলক ব্যবস্থা নেওয়ার পরিপ্রেক্ষিতে শপিং মল ও দোকানদারদেরও নিজ উদ্যোগে আইন শৃঙ্খলা বাহিনীকে সহায়তায় এগিয়ে আসার আহ্বান।

চ. **ডেইলি সান :** দেশে সরকারি-বেসরকারি উভয় পর্যায়ে চিকিৎসা সেবার শিক্ষার মান সুপারভিশন ও মনিটরিং করে এ শিক্ষার মানোন্নয়নের দ্বারা সেবার মান বাড়ানোর সুপারিশ।

ছ. **ডেইলি স্টার :** নাটোর সদর উপজেলার হারিশপুর ইউনিয়নে অতি দরিদ্র জনগোষ্ঠীর উন্নয়নে নেওয়ার গুনারিগ্রাম ও লালমনিরহাট প্রকল্পের ব্যাপক দুর্নীতির চিত্র তুলে ধরে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার প্রত্যাশা।

জ. **নিউজ টুডে :** বেতন ছাড়াও ডাক্তারা প্রতিদিন ১০ থেকে ১৬ হাজার টাকা রোগী দেখার ফি বাবদ আদায় করায় কর্তৃপক্ষকে ডাক্তারদের ফি ও ডায়াগনস্টিক চার্জ অতিদ্রুত জনগণের সামর্থ্যের মধ্যে নির্ধারণ করে দেওয়ায় সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

উপ-সম্পাদকীয়

সংবাদ পত্রিকায় প্রকাশিত কলামে দেশের অর্থনৈতিক উন্নয়নে সরকারি-বেসরকারি খাতে বিনিয়োগ বাড়াতে হবে বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত **‘প্রতিবন্ধীদের জন্য আরো সুযোগ প্রয়োজন’** শিরোনামের নিবন্ধে ড. ইয়াসমীন আরা লেখা দেশের প্রতিবন্ধী জনগোষ্ঠীকে তাদের মেধার সর্বোচ্চ ব্যবহারের মাধ্যমে সমাজের মূল স্রোতে সম্পৃক্ত করতে পারলে বাংলাদেশের উন্নয়নের ধারাবাহিকতা আরো বেগবান হবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ডালিয়া/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা